

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা।

(বিচার শাখা)

www.supremecourt.gov.bd

স্মারক নং-৪১৬৪

জে,

তারিখ : ২৮ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ  
১১ মে ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়:** অধস্তন আদালত/ট্রাইব্যুনালসমূহের এজলাস কক্ষে প্রদত্ত কাচের বেঞ্চনি পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত খুলে রাখা সংক্রান্ত।

- সূত্র:** (১) বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের গত ২০.০৭.২০২০ তারিখের ৩২৪২ জে, নং স্মারক।  
(২) বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের গত ০৬.১০.২০২০ তারিখের ৪৭৬৪ জে, নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) কোভিড-১৯ এ বৈশ্বিক জনস্বাস্থ্যে জরুরি অবস্থার সমাপ্তি ঘোষণা করায় করোনাভাইরাস (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে সূত্রোক্ত স্মারকপত্রে উল্লিখিত দেশের সকল অধস্তন আদালত/ট্রাইব্যুনালসমূহে স্বাস্থ্যবিধি অনুসরণ নিশ্চিতকল্পে এজলাস কক্ষে প্রদত্ত কাচের বেঞ্চনিসহ সংশ্লিষ্ট অবকাঠামো অধস্তন আদালত/ট্রাইব্যুনালের প্রয়োজন অনুযায়ী পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত খুলে রাখা আবশ্যিক।

উল্লেখ্য, অধস্তন আদালত/ট্রাইব্যুনালসমূহে কাচের বেঞ্চনির কারণে তীব্র গরমে আদালত/ট্রাইব্যুনালসমূহের কার্যক্রম পরিচালনায় অসুবিধা হচ্ছে।

এমতাবস্থায়, অধস্তন আদালত/ট্রাইব্যুনালসমূহের প্রয়োজন অনুযায়ী এজলাস কক্ষে প্রদত্ত কাচের বেঞ্চনিসহ সংশ্লিষ্ট অবকাঠামো পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত খুলে রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

স্বা:/-

(এসকে.এম. তোফায়েল হাসান)

রেজিস্ট্রার (বিচার)

হাইকোর্ট বিভাগ

ফোন: ০২২২৩৩৫৮৭৮০

ইমেইল: registrar.judicial@supremecourt.gov.bd

**প্রধান প্রকৌশলী**

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৪১৬৪ (১-১৩)

জে,

তারিখ : ২৮ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ  
১১ মে ২০২৩ খ্রিস্টাব্দ

**অনুলিপি :**

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা
৩. জেলা ও দায়রা জজ/ মহানগর দায়রা জজ ..... (সকল)
৪. বিভাগীয় স্পেশাল জজ/স্পেশাল জজ..... (সকল)
৫. চেয়ারম্যান/সদস্য, প্রশাসনিক অ্যাপিলেট ট্রাইব্যুনাল/শ্রম আপীল আদালত/প্রশাসনিক ট্রাইব্যুনাল/শ্রম আদালত..... (সকল)
৬. চেয়ারম্যান/সদস্য, কোর্ট অব সেটেলম্যান্ট/নিম্নতম মজুরী বোর্ড/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট অ্যাপিলেট ট্রাইব্যুনাল..... (সকল)
৭. বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল/জন নিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল/দ্রুত বিচার ট্রাইব্যুনাল..... (সকল)
৮. বিচারক, পরিবেশ আপীল আদালত/সাইবার ট্রাইব্যুনাল/মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল/সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল..... (সকল)
৯. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট..... (সকল)
১০. নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ..... (সকল)
১১. প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা
১২. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
১৩. অফিস কপি।

(মোঃ মিজানুর রহমান)

ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)